Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**জাঙ্গপুর সংবাদের নিয়মাবলী**

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ⁄০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।

**চক্রবর্ত্তী সাইকেল ষ্টোর**

সাইকেল, টায়ার, টিউব, হাসাগ, গ্রামোফোন প্রভৃতি পার্টস বিক্রেতা ও মেরামতকারক নির্দ্ধারিত সময়ে সাইকেল সরবরাহ করা হয়।

রঘুনাথগঞ্জ মেছুয়াবাজার (কদমতলা)

৪২শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৮শে চৈত্র বুধবার ১৩৬২ ইংরাজী 11th April. 1956 { ৪৬শ সংখ্যা



সকল ঘরের তরে...

**দীপ্তি লণ্ঠন**

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা ১২

C. P. Service

**দূরের মানুষ কাছে হয়**
**ফটো যদি সঙ্গে রয়**

রঘুনাথগঞ্জ কাপড়ে পটীতে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

**মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম**
**হোমিও প্রতিষ্ঠান**

এখানে দি মডার্ণ হোমিও রিসার্চ ইন্‌ষ্টিটিউট কোম্পানী কর্ত্তৃক আবিষ্কৃত যাবতীয় হোমিও ইন্‌জেকশান এবং পেটেণ্ট ঔষধ কোম্পানীর দরে বিক্রয় হয়। ব্যবহারে ফল সুনিশ্চিত। এই মাত্র বাহির হইল ডাঃ সতীশচন্দ্র সরকার মহাশয় কৃত হোমিও ও বাইওকেমিক মতে "বসন্ত চিকিৎসা" মূল্য মাত্র আট আনা।

হ্যানিম্যান হল
খাগড়া মুর্শিদাবাদ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৮শে চৈত্র বুধবার সন ১৩৬২ সাল।

# সন ১৩৬২ সাল—বিদায় বেলায়

—•—

সন ১৩৬২ সাল বিদায় লইবার পূর্ব্বে অনেকগুলি গুরুত্বপূর্ণ ব্যাপারের সূচনা করিয়া যাইতেছে। মাত্র কয়েকদিন স্থিতিকালে সেগুলির ফয়সালা করিয়া যাওয়া অসম্ভব। সে সমস্ত ব্যাপারের নিষ্পত্তির ভার সন ১৩৬৩ বা তৎপরবর্ত্তী সালের উপর নির্ভর করিতে হইবে তাহা ভবিতব্যই জানে।

নেতাজী সুভাষচন্দ্র বসুর অন্তর্দ্ধান হওয়ার পর তাঁহার বিষয় লইয়া কত বার কত জনরব উঠিল,—কেহ বলে তাঁহার চিতাভস্ম জাপানে রক্ষিত আছে, কেহ বলে সে কথা অমূলক। সম্প্রতি মাদ্রাজের শ্রী থেবর নামক একজন মান্যগণ্য ব্যক্তি জোর গলায় তাঁহার অস্তিত্ব প্রমাণ করার জন্য কৃতসংকল্প। তিনি যা তা লোক নহেন। মাদ্রাজ বিধান সভার সদস্য, নিখিল ভারত ফরওয়ার্ড ব্লকের ভাইস প্রেসিডেন্ট। তাঁহার ন্যায় দায়িত্বশীল ব্যক্তি একবার নয় বারংবার বলেন যে অতি সাম্প্রতিক কালেও তাঁহার সহিত নেতাজীর সাক্ষাৎকার ঘটিয়াছে। সকলেই আশা করিয়াছিলেন—নেতাজীর অন্তর্দ্ধান রহস্যের প্রকৃত তথ্য উদ্‌ঘাটনের তদন্ত কমিটি শ্রীযুক্ত থেবরের সহযোগিতা গ্রহণ করিয়া এই কার্য্যে অগ্রসর হইবেন, কিন্তু তাহা শোনা যায় নাই। কমিটি সব সাক্ষ্য প্রমাণ গ্রহণ আরম্ভ করিয়াছেন। কাজেই কি কতদূর সাফল্য লাভ হইবে তাহা এখনও অনিশ্চিতের পথে।

এতদ্দিন পরে ভারতের প্রধান মন্ত্রী শ্রীজহরলালজী পাকিস্থানের কর্ত্তৃপক্ষের নব স্বরূপ কতকটা নিরীক্ষণ করিয়া অপেক্ষাকৃত দৃঢ়কণ্ঠে কথাবার্ত্তা কহিতেছেন। তাঁহার দৃঢ়তা ও শৈথিল্য বোঝা সাধারণ লোকের ক্ষমতার বাহিরে। একবার পশ্চিম বাংলার রাণাঘাট অঞ্চলে কয়েক জন উদ্বাস্তু নারীর কানে এবং গলায় সামান্য সোনার গহনা দেখিয়া তিনি পাকীস্থানীরা যে তাহাদের জিনিষপত্র কাড়িয়া লয় না, এই দৃঢ় বিশ্বাস তাঁহার হৃদয়ে বদ্ধমূল হইয়া পাকীস্থানীদের বদান্যতায় মুগ্ধ হইতে দেখা গিয়াছে। যে আবদুল্লা তাঁহার দীর্ঘ কালের বন্ধু বর্ত্তমানে যিনি কাশ্মীরে বন্দী অবস্থায় দিন যাপন করিতেছেন, শ্যামাপ্রসাদের মৃত্যু ব্যাপারে তাঁহার প্রতি অটল বিশ্বাসে, তিনি কোন তদন্তের ব্যবস্থা করিতে দৃঢ়ভাবে অসম্মত হইয়াছিলেন। কাশ্মীরের হানাদারদের বিতাড়ন ব্যাপারে কাহার দৃঢ়তার অভাবে আজ কাশ্মীর পাকীস্থানকে সাহায্যকারী মার্কিন শক্তির প্রাধান্য যুক্ত ইউ-এন-ও তে মীমাংসার জন্য যাইতে হইয়াছে। আমরা তাঁহার দৃঢ়তা দেখিয়া আর বেশী ভরসা পাই না। পাকীস্থানের বিরুদ্ধে তিনি একবার "other means" ( অন্য উপায় ) যে কি গ্রহণ করিতে চাহিয়াছিলেন তাহা আজ অবধি কেহ জানিতে পারে নাই।

আবার শোনা যাইতেছে প্রধান মন্ত্রী মহাশয় পাকীস্থানকে অস্ত্র সাহায্যকারী আমেরিকার নিমন্ত্রণ গ্রহণ করিয়াছেন। এই সব তালগোল পাকানো ব্যাপার সমূহের শেষ হইতে কত বৎসর লাগিবে তাহা কেহই অনুমান করিতে পারিবে না।

মেঘনাদ সাহার মৃত্যুতে লোকসভার শূন্য আসনের জন্য যে নির্ব্বাচন প্রতিযোগিতা কলিকাতায় বেশ জমিয়াছে, যে কংগ্রেস সরকার কলিকাতা করপোরেশনের সাধারণ নির্ব্বাচনের সমস্ত তৈরী নির্ব্বাচনের দিন স্থির হওয়ার পর কংগ্রেসের নানা স্থানে পরাজয় লক্ষ্য করিয়া এক বৎসর নির্ব্বাচন পিছাইয়া দিয়াছেন, যদি এই লোকসভার নির্ব্বাচনে সেই কংগ্রেস যদি জয়লাভ করে তবে পশ্চিম বাংলার ভাষাভিত্তিক দেশ গঠনের দাবি, আইন অমান্যের জন্য সত্যাগ্রহ, দলে দলে কারাবরণ সব মিথ্যা। তবে জানিতে হইবে পশ্চিম বাংলা মরিয়াছে। স্বর্গীয় মেঘনাদ সাহাকে পূর্ব্ব নির্ব্বাচনে যাঁহারা ভোট দিয়াছিলেন তাঁহারাই যদি এবার শ্রীমোহিত মৈত্রকে ভোট দেন, তবে কংগ্রেসের কথার খেলাপের ঠিক জবাব দেওয়া হয়। যে পশ্চিম বাংলা গত সাধারণ নির্ব্বাচনে প্রধান মন্ত্রী জহরলালের ওজস্বিনী ভাষায় বক্তৃতা উপেক্ষা করিয়া সাত সাত জন মন্ত্রীকে কাৎ করিয়াছিল, সেই পশ্চিম বাংলা এবারও তাহার বিচার ঠিকই করিবে বলিয়া ভরসা করা যায়।

---

## পশ্চিমবঙ্গে দ্রব্যাদির উপর প্রবেশ-কর আইন

### ১৬ই এপ্রিল হইতে কার্য্যকরী হইবে

পশ্চিমবঙ্গ সরকারের এক বিজ্ঞপ্তিতে প্রকাশ, পশ্চিমবঙ্গ দ্রব্যাদির উপর প্রবেশকর আইন (১৯৫৫) আগামী ১৬ই এপ্রিল হইতে কার্য্যকরী হইবে। এই আইন অনুসারে চা, আম, কমলালেবু, মোসাম্বি, আঙ্গুর, বেদানা, আনারস, আপেল, নেসপাতি, পেয়ারা, তরমুজ, খরমুজ, তাল, ·লিচু, লেবু ইত্যাদি সকল প্রকার ফলের উপর একটি নির্দ্দিষ্ট হারে প্রবেশ কর ধার্য্য করা হইবে। উহা কলিকাতা, ২৪ পরগণা ও হাওড়া জেলার স্থানীয় এলাকায় বিক্রয় করা অথবা ব্যবহারের জন্য আমদানীকৃত চা ও ফলাদির উপর ঐ প্রবেশ কর লওয়া হইবে; তবে ১০ পাউণ্ডের কম চা অথবা আইনে নির্দ্দিষ্ট অর্থের কম মূল্যের চা বা ফল হইলে কোনই কর দিতে হইবে না।

উল্লিখিত দ্রব্যাদি প্রবেশ কর না দিয়া যাহাতে কলিকাতা, হাওড়া ও ২৪ পরগণায় প্রবেশ করিতে না পারে তজ্জন্য সংশ্লিষ্ট রেল ষ্টেশন, ষ্টিমার ষ্টেশন, বিমান বন্দর, ডাকঘর অথবা অন্য কোন নির্দ্দিষ্ট স্থানে তদারককারী কর্ম্মচারী থাকিবেন; প্রবেশ কর দেওয়ার পর প্রাপ্ত রসিদ না দেখাইতে পারিলে কোন দ্রব্যই ছাড়া হইবে না

## আহিরণে অগ্নিকাণ্ড

গত ২৬শে চৈত্র সোমবার দ্বিপ্রহরে সুতী থানার আহিরণ গ্রামের মুসলমান পাড়ার জনৈক মুসলমান গৃহস্থের ঘরে আগুন লাগিয়া প্রায় ১২৫ খানি ঘর পুড়িয়া গিয়াছে। উক্ত বাড়ীর মহিলার অসাবধানতার জন্যই এই অনর্থ ঘটিয়াছে। অনেকগুলি গৃহপালিত পশু পক্ষী পুড়িয়া মরিয়াছে। কতকগুলি দুঃস্থ ব্যক্তি ঘর পুড়ার ফলে প্রখর রৌদ্রে দারুণ কষ্ট ভোগ করিতেছে।

---

## শীতকালীন স্পোর্টস প্রতিযোগিতায় মুর্শিদাবাদ জেলা

গত ২৯শে মার্চ্চ, ১৯৫৬ মুর্শিদাবাদ আই, এস্, এস্, এ'র পক্ষ হইতে ১১ জন প্রতিযোগীকে পশ্চিম-বঙ্গ আই, এস্, এস্, এ'র শীতকালীন স্পোর্টসে যোগদানের নিমিত্ত কৃষ্ণনাথ কলেজ স্কুলের শারীর-শিক্ষক শ্রীকমলাপদ সেন ও গোরাবাজার ঈশ্বরচন্দ্র বিদ্যালয়ের শারীর-শিক্ষক শ্রীঅবনীমোহন চক্রবর্ত্তীর তত্ত্বাবধানে কলিকাতায় প্রেরণ করা হয়। উক্ত প্রতিযোগিগণ গত ৩০শে ও ৩১শে মার্চ্চ এবং ১লা এপ্রিল প্রতিযোগিতায় যোগদান করিয়া নিম্নলিখিত বিষয়ে কৃতিত্ব প্রদর্শন করে। পশ্চিম বাংলার বিভিন্ন জেলা হইতে উক্ত প্রতিযোগিতায় বহু প্রতিযোগী যোগদান করিয়াছিল।

১। শ্রীমান্ শক্তিপদ সেন, কৃষ্ণনাথ কলেজ স্কুল, ছোটদের উচ্চ লম্ফন প্রথম স্থান উচ্চতা ৪ ফুট ৪½ ইঞ্চি। ২। শ্রীমান্ অনিলকুমার মণ্ডল, লালবাগ সিংহী স্কুল, ১৫০০ মিঃ সাইকেল দ্বিতীয় স্থান। ৩। সিরাজুল ইসলাম, গোরাবাজার ঈশ্বরচন্দ্র স্কুল, বড়দের ২০০ মিঃ দৌড় দ্বিতীয়। ৪। শ্রীমান্ দীপক ঘোষ, বড়দের ১০০ মিঃ দৌড় তৃতীয়। ৫। শ্রীমান্ সুধীর চৌধুরী, গোরাবাজার ঈশ্বরচন্দ্র স্কুল, মাঝারিদের উচ্চ লম্ফন তৃতীয়। ৬। শ্রীমান্ চণ্ডী চরণ সরকার, কৃষ্ণনাথ কলেজ স্কুল, বড়দের ৪০০ মিঃ দৌড় তৃতীয়। ৭। মওলাবকৃস, সাদিখাঁরদেয়াড় বিদ্যানিকেতন, বড়দের উচ্চ লম্ফন তৃতীয়। ৮। ৪×১০০ মিঃ আন্তর্জেলা রীলে রেস মুর্শিদাবাদ জেলা দল দ্বিতীয়।

—নিজস্ব

---

## সাধারণ নির্ব্বাচন

এতদ্দ্বারা জঙ্গীপুর পৌরসভার করদাতাগণকে জ্ঞাত করা যাইতেছে যে, জঙ্গীপুর পৌরসভার সাধারণ নির্ব্বাচন ১৯৫৭ সালের ৬ই জানুয়ারী (রবিবার) অনুষ্ঠিত হইবে।

স্বাঃ—মুক্তিপদ চট্টোপাধ্যায়
পৌর সভাপতি

১০-৪-৫৬

---

## ধ'রে বেঁধে মুখে দিলে কোঁৎ করাবি কে!



ভোটের দালাল সব
ঘিরেছিস্ যত,
যে যা বল্ শুনে, দিব
মোর মনোমত।
গত বারে মোর ভোট
পেয়েছিল যেবা,
প্রাণ দিয়ে ক'রে গেছে
স্বদেশের সেবা।

তার মতে মত দিয়ে
চলেছে যে জনা,
তার নামে ভোট দিব
ক'রে বিবেচনা।
পাজির গুরু দলে পুরু
কর্ত্তাভজার দল,
তাহাদের ভোট দেওয়া
কেবল বিফল।

---

## আজিমগঞ্জ পৌরসংঘে বসন্তের প্রকোপ

আজিমগঞ্জ পৌরসংঘ এলাকায় বসন্তের প্রকোপের আশঙ্কা দেখা দেওয়ায় পশ্চিমবঙ্গ সরকার বসন্ত নিবারণ ও নিয়ন্ত্রণ এবং বসন্তে আক্রান্ত বা আক্রান্ত বলিয়া সন্দেহভাজন ব্যক্তিদের চিকিৎসক দ্বারা পরিদর্শন, পৃথকীকরণ পর্য্যবেক্ষণ ও তত্ত্বাবধানের জন্য ১৯৫৬ সালের ৪ঠা এপ্রিল হইতে ৬ মাস উক্ত পৌরসংঘ এলাকায় সামরিক নিয়মাবলী জারি করিয়াছেন।


—প্রেসনোট

---

## বিজ্ঞাপন

আমি ১৯৩৪ খৃষ্টাব্দে আমার জ্যেষ্ঠতাত পুত্র শ্রীবিশ্বেশ্বর ঘোষালের নামে একখানা আমমোক্তার-নামা সম্পাদন করিয়াছিলাম। তাহাতে আমার স্বার্থের প্রভূত হানি হইয়াছে। এতদ্দ্বারা সর্ব্ব-সাধারণকে জানাইতেছি যে উক্ত আমমোক্তারনামা আমি নাকচ, রদ ও বাতিল করিলাম। শ্রীবিশ্বেশ্বর ঘোষাল আমার সম্পত্তি সম্বন্ধে বা আমার পক্ষে কোন কার্য্য করিতে পারিবে না ও তাহার কোন কার্য্য দ্বারা আমি বাধ্য হইব না। ১৯।৩।৫৬

শ্রীরামপ্রসাদ ঘোষাল।




রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডিত কর্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত

## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৫১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্
এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।